## এপ্রিল ২০২৪ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ খায়রুল আলম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>বিরামপুর, দিনাজপুর। |
| তারিখ | ঃ | ২৯.০৪.২০২৪খ্রি. |
| সময় | ঃ | দুপুর ১১.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর সভার শুরুতেই উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

মার্চ ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় মার্চ ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে মার্চ ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সুচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিরামপুর, দিনাজপুরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বোরো মৌসুম চলছে। আবহাওয়া ভাল আছে। এমন আবহাওয়া বিরাজ করলে বা কোন দুর্যোগ না হলে গতবারের চেয়ে বেশী ফসল পাওয়া যাবে। তবে ব্লাস্ট হতে পারে। সেকারণে সপ্তাহে দু'বার স্প্রে করতে হবে। এ বিষয়ে কৃষকদের পরামর্শ দেয়া হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | ডাঃ গোলাম রসুল রাখি উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে ১৬ এপ্রিল ২০২৪ তারিখে এ উপজেলা যোগদান করেছেন। তার পূর্ববর্তী কর্মস্থল নীলফামারী। দীর্ঘদিন স্থায়ী কর্মকর্তা না থাকায় এ স্বাস্থ্য কমপ্লেক্সে যে ঘাটতি রয়েছে তা পূরণে তিনি চেষ্টা করবেন। সভায় তিনি আরও জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুর, দিনাজপুরের পরিবর্তন আনার কাজে সকলের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর এ উপজেলায় যোগদান করায় তাঁকে স্বাগত জানিয়ে আশা প্রকাশ করেন তাঁর তত্ত্বাবধানে এগিয়ে যাবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরের কার্যক্রম তথা স্বাস্থ্যসেবা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. এ উপজেলায় যোগদান করায় তাঁকে স্বাগত জানানো হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সকলের সহযোগিতায় প্রাণিমেলা সুন্দরভাবে অনুষ্ঠিত হওয়ায় তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় তিনি উল্লেখ করেন যে, বিরামপুরে হাউজহোল্ড করা হয়েছে। প্রায় ৩৩,০০০ উপরে সাধারণ জনগণ প্রাণির পরিচর্চা করে থাকেন। তাপদাহের কারণে তাঁর দপ্তরের পক্ষ থেকে বেশী বেশী উঠান বৈঠক করা হচ্ছে।<br>তিনি আরও জানান যে, গত এক মাসে ২৩৬৬টি গবাদি প্রাণির এবং ১১৬৯৫টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীদের কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি । কৃত্রিম প্রজনন ৩৫২ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৮০টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ৯৭৬ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ২১৫০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প হয়নি তবে ৫টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। তিনি আরও জানান যে, চলতি মাসে গবাদি প্রাণি ও হাঁস-মুরগীর টিকা পাওয়া যায়নি। তবে এপ্রিল ২৪ মাসে একসাথে ৩ মাসের টিকা সরবরাহ করা হয়েছেঃ (১) তড়কা-১৯০০০ মাত্রা, (২) বাদলা-৫০০ মাত্রা, (৩) গলাফুলা-৫০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-৫৫০০০ মাত্রা, (৫) আরডিবি-৮৫০০ মাত্রা, (৬) ফাউল পক্স-১০৪০০ মাত্রা, (৭) পাউল কলেরা-০ মাত্রা, (৮) গট পক্স-০ মাত্রা, (৯) গামবোরো-৩০০০০মাত্রা, (১০) ডাকপ্লেগ-৩২০০, (১১) ক্ষুরা-৬৪০ মাত্রা এবং ছাগ বসন্ত-১০০০ মাত্রা। সর্বমোট=১৫৬৯০০ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জেলায় মিটিং থাকায় কর্মকর্তা সেখানে গেছেন। তিনি জানান যে, অভয়াশ্রমের কাজ আগামী সপ্তাহ হতে শুরু হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে,বর্তমানে ব্যাকফুটে আছে। BADC/BMDA/কৃষি দপ্তর সেচের প্রয়োজনে ব্যক্তিগতভাবে যোগাযোগ রাখছেন। এ উপজেলায় বিদ্যুতের প্রয়োজন ১০০মেঃওয়াট। ৯০ মেঃওয়াট পেলেও চলে যায় কিন্তু মাত্র ৫০মেঃওয়াট বিদ্যুৎ পাওয়া গেছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করেও বিদ্যুৎ আনা যাচ্ছে না। আপাততঃ জ্বালানী সমস্যার সমাধান হবে না। তিনি আরও জানান যে, বিদ্যুতের জন্য বড়পুকুরিয়া তাপ বিদ্যুৎ কেন্দ্রে রাত ২.০০ ঘটিকা পর্যন্ত অবস্থান করেছেন। ১৫ দিন সেচ ঠিকমত দিতে পারলে ফলন ভাল হবে। কোথাও কোন খারাপ অবস্থা দেখা দিলে জানানোর অনুরোধ করে বলেন আপ্রাণ চেষ্টা করবেন জীবন-মরন পণ করে। রাত ১১.০০ হতে ভোর ৫.০০ টা | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২</td><td>পর্যন্ত মাঠের ফিডারে বিদ্যুৎ বেশী দিলে কৃষক ফসল ভালভাবে ঘরে তুলতে পারবে। ফসল উঠলে বিদ্যুতের চাহিদা কমে যাবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর</td><td>উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ কর্তৃক আজ ২টি রাস্তার নির্মাণ কাজের উদ্বোধন করা হয়। তিনি উদ্বোধনী অনুষ্ঠানে ছিলেন। তিনি আরও জানান যে, ৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কাজ চলছে। ADP প্রকল্পের কাজ করতে সমস্যা হচ্ছে সেকারণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা প্রয়োজন। সাপ্তাহিক ছুটির দিনেও কাজ করতে হচ্ছে। চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ ব্যস্ত থাকায় সময় দিতে পারেননি তবে প্রতিনিধি দিলে তারা সার্ভের কাজগুলো সম্পন্ন করতে পারতেন। তিনি নিজেই আগামী ৩০ এপ্রিল ২০২৪ তারিখ দিওড় ও খানপুরে সার্ভের কাজ করবেন। নিজে অথবা প্রতিনিধি প্রেরণের জন্য তিনি সংশ্লিষ্ট চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। প্রথমে সার্ভে করবেন। তারপর নোটিশ দিবেন। এরপর টেন্ডার করা হবে। মুকুন্দপুর ইউনিয়ন সীমানা প্রাচীরের জায়গা নিয়ে সমস্যা হলেও সমস্যার সমাধান হয়েছে। তিনি আরও জানান যে, ADP প্রকল্পের কাজ মাঠ পর্যায়ে চলছে দৈততা পরিহার করে দ্রুত কাজ সম্পন্ন করতে হবে। আগামী ৫ মে ২০২৪ তারিখের মধ্যে শেষ করতে পারবেন বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।<br>উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় আরও জানান যে, ADP প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ এখনও পাওয়া যায়নি। সে কারণে ঐ পরিমান অর্থের প্রকল্প নির্বাচন করা হলেও বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প বাস্তবায়ন করা হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে PIC-এর কাজগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করেন।<br>উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত পুকুরটি সংস্কার/মেরামতসহ অন্যান্য প্রকল্পের জন্য বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হলে ১৬.০৪.২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৩-২৬৭ সংখ্যক স্মারকে ৩০,০০,০০০০/-(ত্রিশলক্ষ) টাকা মাত্র বরাদ্দ পাওয়া গেছে। যা চাহিদার তুলনায় অপ্রতুল। বরাদ্দ চাহিদা মোতাবেক না হওয়ায় প্রেরিত প্রাক্কলন অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হবে না। সেকারণে প্রাপ্ত অর্থের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে চাহিদাভিত্তিক একান্ত প্রয়োজন এমন কাজের পূর্ণ প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদনের জন্য এ সভায় উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ক্রমিক</th><th>কাজের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদ কমপ্লেক্স পুকুরের চারিপাশে ওয়াকওয়ে, RCC ঘাটলা এবং পূর্ব পার্শ্বে প্যালাসাইডিং মেরামতকরণ</td><td>=৫,০০,০০০.০০</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদ কমপ্লেক্স পুকুরের চারিপাশে ওয়াকওয়ে, RCC ঘাটলা এবং পশ্চিম পার্শ্বে প্যালাসাইডিং মেরামতকরণ</td><td>=৫,০০,০০০.০০</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিষদ কমপ্লেক্স পুকুরের চারিপাশে ওয়াকওয়ে, RCC ঘাটলা এবং উত্তর পার্শ্বে প্যালাসাইডিং মেরামতকরণ</td><td>=৫,০০,০০০.০০</td></tr>
</table>
</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. PIC-এর কাজগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br><br>৩. ৪র্থ কিস্তি প্রাপ্তি সাপেক্ষে সমপরিমান অর্থের প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪. চাহিদার তুলনায় বরাদ্দ অপ্রতুল হওয়ায় প্রাপ্ত অর্থের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে চাহিদাভিত্তিক একান্ত প্রয়োজন এমন কাজের পূর্ণ প্রাক্কলন প্রস্তুত করে ছোট ছোট প্যাকেজ তৈরী করে RFQ পদ্ধতিতে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুরকে অনুরোধ করা হয়।</td><td>১-৪. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।</td></tr>
</table>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | <table><tr><th>ক্রমিক</th><th>কাজের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr><tr><td>০৪</td><td>উপজেলা পরিষদ কমপ্লেক্স পুকুরের চারিপাশে ওয়াকওয়ে, RCC ঘাটলা এবং দক্ষিণ পার্শ্বে প্যালাসাইডিং মেরামতকরণ</td><td>=৫,০০,০০০.০০</td></tr><tr><td>০৫</td><td>উপজেলা পরিষদ কমপ্লেক্স পুকুরের ঘাটলা মেরামতকরণ (১ম অংশ)</td><td>=৫,০০,০০০.০০</td></tr><tr><td>০৬</td><td>উপজেলা পরিষদ কমপ্লেক্স পুকুরের ঘাটলা মেরামতকরণ (২য় অংশ)</td><td>=৫,০০,০০০.০০</td></tr></table> | | |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১.২.৩.উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সঠিকভাবে পরিচালিত হচ্ছে। লোড সেডিং এর কারণে মর্টার নষ্ট হচ্ছে। বিদ্যুৎ না থাকায় সেচ দেয়া যাচ্ছে না। ধানের ফুল এসেছে এ মুহূর্তে সেচ দিতেই হবে। সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA) ওমরায় গিয়েছেন। তিনি সকলের দোয়া চেয়েছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় বিরামপুর থানা সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | জনাব রুনা লায়লা উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর দিনাজপুর হিসেবে ২৪ মার্চ ২০২৪ তারিখে এ উপজেলায় যোগদান করেছেন। সরাসরি উপজেলা শিক্ষা অফিসার হিসেবে ২০১১ সালে যোগদান করেন। তিনি ঠাকুরগাঁও সদর হতে এসেছেন। তার নিজ জেলা রংপুর। তিনি এক ছেলে এক মেয়ের জননী। তিনি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তীব্র তাপদাহের কারণে প্রাক প্রাথমিকের ক্লাস বন্ধ রয়েছে। সকার ৮.০০ থেকে বেলা ১১.৩০ ঘটিকা পর্যন্ত ২ শিফটে ক্লাস চলছে। ২৮.০৪.২০২৪ তারিখ থেকে এ পর্যন্ত ৪টি বিদ্যালয় পরিদর্শন করেছেন। উপস্থিতির হার কম। শিশুদের জ্বর হচ্ছে। সে কারণেও উপস্থিতি কম হতে পারে।<br>উপজেলা নির্বাহী অফিসার জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের বরাত দিয়ে বলেন যে, প্রতি ক্লাস শেষে শিক্ষার্থীদের অবশ্যই পানি খাওয়াতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. এ উপজেলায় যোগদান করায় তাকে স্বাগত জানানো হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ১ মাস বন্ধ থাকার পর ২৮.০৪.২০২৪ তারিখে শিক্ষা প্রতিষ্ঠান খুলেছে। পরিদর্শন চলছে। উপস্থিতির হার ৭০-৭৫%। গরমের কারণে শিক্ষার্থীদের হাত পাখা রাখতে বলা হয়েছে। সেইসাথে পানি রাখতে এবং খেতে বলা হয়েছে। বিদ্যালয় বন্ধ থাকার কারণে উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্প কর্তৃক প্রদত্ত ফ্যান লাগানো হয়নি। ১ সপ্তাহের মধ্যে ফ্যান লাগানোর জন্য নির্দেশনা প্রদান করায় ফ্যান লাগানোর কাজ চলছে। তাপদাহের কারণে শিক্ষার্থীবৃন্দ দুপুরের পরে বিদ্যালয়ে থাকতে যাচ্ছে না। শিক্ষার্থীবৃন্দ চলে গেলেও শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময় পর্যন্ত খুলে রাখতে বলা হয়েছে।<br>এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, মনিটরিং এর অভাবে সময়মত ফ্যানগুলো লাগানো হয়নি। তিনি ফ্যান লাগানোর বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর অপর উপজেলা ঘোড়াঘাটে অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য যাওয়ায় এ সভায় উপস্থিত হতে পারেননি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায়ের হার এখন কম হলেও ধান উঠলে বৃদ্ধি পাবে বলে তিনি আশা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। চাল বিতরণ শেষ হয়েছে। VWB-র মহিলাদের সঞ্চয়ের টাকা ব্যাংকে জমা নিশ্চিত করার জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। কিশোর কিশোরী ক্লাবের উপস্থিতি মোটামুটি ভাল। তাদের পুষ্টিকর খাবার হিসেবে হরলিকস, দুধ, নুডুলস ইত্যাদি দেয়া হচ্ছে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর আঙ্গুরসহ অন্যান্য পুষ্টিকর খাবার/ফল দেয়ার পরামর্শ প্রদান করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৪ এ বিচারকের দায়িত্ব পালন করায় তিনি সভায় উপস্থিত হতে পারেননি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক চলতি মাস পর্যন্ত ১২টি প্রশিক্ষণ ব্যাচ সম্পন্ন করা হয়েছে। এছাড়াও দিনাজপুর জেলা কার্যালয়ের আওতায় প্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে মর্মে অবহিত করেন।<br>পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট =৩৭,৬০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২৭,৪০,৮০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২৬,৪৩,৮৮০/-টাকা এবং আদায় হার শতকরা ৯৭%। আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =৩,০৩,০৬,৬০০/-টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৭১,০৯,০০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২,৪৮,৫৬,৮২১/- টাকা এবং আদায়ের হার শতকরা ৯২%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, পরিবার কল্যাণ কেন্দ্র, খানপুরে পানি সংকটের কারণে করুন অবস্থা। জোতবানী ইউনিয়নের কেন্দ্রটির দরোজা নষ্ট হয়ে গেছে জিনিসপত্র চুরি হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদকে পানির ব্যবস্থা করে দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর অনুরোধ করেন। জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর থেকে নলকূপ স্থাপনের জন্যও তিনি অনুরোধ করেন।<br>জোতবানী পরিবার কল্যাণ কেন্দ্রের গাছ কর্তন বিষয়ের এ প্রশ্নের জবাবে উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, পরিবার কল্যাণ কেন্দ্র, জোতবানীর গাছের মূল্য নির্ধারণ করে দেয়া হয়েছে। এখন নিলাম ডাকের মাধ্যমে গাছ বিক্রয় করতে হবে। বিক্রিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা করতে হবে। সামাজিক বনায়ন বিধিমালা ২০০৪ অনুযায়ী নিলাম ডাকের মাধ্যমে রাস্তার গাছ কাটা হলে ১০% অর্থ বন বিভাগের মাধ্যমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, মুজিববর্ষ উপলক্ষ্যে প্রাপ্ত নলকূপ আশ্রয়ন প্রকল্পে বসানো হয়েছে। অপর টেন্ডাটি বাতিল হয়েছে। রি-টেন্ডার হবে। তখন প্রতি ইউনিয়নে নলকূপ দেয়া হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৪ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। ১০ জুন ২০২৪ তারিখের মধ্যে সকল কার্যক্রম শেষ করার জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি আরও জানান যে, ৪টি ব্রীজের টেন্ডার হয়েছে। খুব শীঘ্রই কাগজপত্র পাওয়া যাবে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি আরও জানান যে, অর্থনৈতিক শুমারী আপাততঃ বন্ধ আছে। উপজেলা পরিষদ নির্বাচন শেষ হলে আবারও কাজ শুরু হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। তিনি আরও জানান যে, আশ্রয়ন প্রকল্পের আওতায় একক গৃহে সমবায় সমিতি গঠন করার চেষ্টা চলছে। কিন্তু গৃহবাসীদের আগ্রহ কম। NGO-দের প্রতি তারা বেশী আগ্রহী। তবে চেষ্টা অব্যাহত রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭ বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। তিনি আরও জানান যে, প্রত্যেক উপকারভোগীকে ৪০,০০০/-(চল্লিশহাজার) টাকা ঋণ দেয়ার চেষ্টা চলছে। তাদের পণ্য বিক্রয়ের জন্য সেড তৈরীর লক্ষ্যে ৪,০০,০০০/-(চারলক্ষ) টাকা বরাদ্দ আসছে। এ অর্থ হাটে/শিক্ষা প্রতিষ্ঠানে সেড তৈরীর কাজে ব্যয় করা যাবে।<br>এ আলোচনার পরিপ্রেক্ষিতে খানপুর ইউনিয়নের রতনপুর উচ্চ বিদ্যালয় এবং ধানজুড়ি সেন্ট ফান্সিস আদিবাসী উচ্চ বিদ্যালয়ে এ প্রকল্প দেয়ার জন্য অনুরোধ করা হয়।<br>উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, যেগুলো বনের মেয়াদ শেষ হয়েছে সেগুলোর গাছ কেটে নতুন বনায়ন করার সুযোগ রয়েছে। কিন্তু এ কাজে বাধার সৃষ্টি হচ্ছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, পূর্ব হতে উপকারভোগীদের সাথে চুক্তিনামা সম্পাদন করলে তারা সমস্যা করতে পারবে না। যেখানে সমস্যা হবে সেখানে ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা নেয়ার পরামর্শ দেন। আগামী বর্ষা মৌসুমে পরিবেশের ভারসাম্য রক্ষায় গাছ লাগানোর জন্য তিনি উদাত্ত আহ্বান জানান। তিনি আরও বলেন যে, যে হারে গাছ কাটা হয়েছে সে হারে গাছ লাগানো হচ্ছে না। লাগানোা হলেও পরিচর্চার অভাবে বড় হওয়ার আগে গাছগুলো মরে গেছে। এ ছাড়াও মাটির উর্বরতা শক্তি কমে যাওয়ায় গাছ বাড়ছে না। তিনি চাষ দিয়ে গাছ লাগানোর পরামর্শ দেন। এতে গাছ দ্রুত বাড়বে বলে তিনি আশা করেন।বিনাইল ইউনিয়নের উপকারভোগীদের সাথে উদ্ভূত সমস্যার সমাধান করে উপকারভোঘীদের মাঝে অর্থ বিতরণ করার জন্য তিনি বন কর্মকর্তাকে অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮ উপজেলা নির্বাচন দপ্তর | নতুন উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর যোগদান করলেও আসন্ন উপজেলা পরিষদ নির্বাচন কাজে ব্যস্ত থাকায় আজকের সভায় তিনি উপস্থিত থাকতে পারেননি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯ উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ৩০ পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায়ের হার কম তবে ১৫ মে থেকে জুলাই ২০২৪ পর্যন্ত ঋণ আদায় বৃদ্ধি পাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায়ের হার কম তবে ১৫ মে ২০২৪ থেকে ঋণ আদায় বৃদ্ধি পাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তিনি তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। তবে জানা গেল তিনি অসুস্থ্য। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়),-বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>২. তিনি আরও জানান যে, আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরে বিরামপুর উপজেলার জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করতে হবে। এখন থেকেই তিনি বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরির জন্য প্রস্তুতি গ্রহণের অনুরোধ জানান। পঞ্চবার্ষিকী প্রণয়ন সংক্রান্ত কমিটি গঠনের জন্য অনুরোধ করেন। ।পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বার্ষিক পরিকল্পনা তৈরির পর তা উপজেলার ওয়েব পোর্টালে দিতে হবে। কারণ জুন ২০২৪ হতে জুন ২০২৫ পর্যন্ত ওয়েব পোর্টাল পর্যবেক্ষণ করা হবে এবং ওয়েব পোর্টালের মাধ্যমে মূল্যায়ন করে উপজেলা নির্বাচন করা হবে মর্মে জানানো হয়েছে। তিনি আবারও উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা অবশ্যই করতে হবে মর্মে নির্দেশনা থাকায় তিনি উক্ত সভায় করার অনুরোধ করেন। এ সভা করার জন্য বরাদ্দ রয়েছে এবং কর্তৃপক্ষ মিটিং করার পর বিল উত্তোলন করার জন্য অনুরোধ করেছেন। সেইসাথে নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী ওয়েব পোর্টালে দেয়ার অনুরোধ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বার্ষিক পরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। পঞ্চবার্ষিকী প্রণয়ন সংক্রান্ত কমিটিকে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বার্ষিক পরিকল্পনা প্রণয়নে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হয়।<br>৩. উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা এবং নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী ওয়েব পোর্টালে দেয়ার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর<br>২. উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর।<br>৩. সভাপতি ও সদস্য-সচিব, উপজেলা পরিষদের স্থায়ী কমিটি। |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে তীব্র তাপদাহের কারণে প্রাক-প্রাথমিকের কার্যক্রম বন্ধ আছে। তবে বয়স্ক শিক্ষা যথারীতি চলছে। | দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, |
| আলোচনাঃ ৩৬<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, কাবিখার সহযোগিতায় যেখানে রাস্তা করা হয়েছে সেখানে একজন ঘর করেছে। এ ঘরটি জরুরীভিত্তিতে সরানোর অনুরোধ জানান। তিনি আশাবাদি রাস্তার কাজ হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৭<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৮<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আশ্রয়ন প্রকল্পের আওতায় একক গৃহের পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় শিশুরা নানা রকম রোগে আক্রান্ত হচ্ছে। পানি নিষ্কাশনের উদ্যোগ গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। বন বিভাগের সেড নির্মাণের বরাদ্দ রতনপুর উচ্চ বিদ্যালয় এবং ধানজুড়ি সেন্ট ফ্রান্সিস উচ্চ বিদ্যালয়ে প্রদান করার সিদ্ধান্তকে তিনি স্বাগত জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি প্রতিবারের ন্যায় এবারও বেইলী ব্রীজটির বোরো ধান উঠার আগেই মেরামত কাজ সম্পন্ন করার জন্য পুনরায় অনুরোধ করেন। ব্রীজটির স্ক্রুগুলো খুলে নেয়ার কারণে ব্রীজটি ঝুকিঁপূর্ণ অবস্থায় রয়েছে। ফলে জন দুর্ভোগ বেড়েছে এবং কৃষকগণ কমপক্ষে মন প্রতি ১০০/- টাকা কম পাবেন। দ্রুত ব্রীজটির কাজ সম্পন্ন করার জন্য তিনি পুনরায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেন। তিনি সর্বাধিক গুরুত্ব দিয়ে মাঠে বিদ্যুৎ দেয়ার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪১<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিদ্যুৎ বিষয়ে জোতবানী ইউনিয়নের অনেকদিনের একটি পুরাতন মামলা আছে। এ মামলাটি প্রায় ১০/১২ বছর ধরে চলছে। এতে পরিবারটি নিঃশেষ হয়ে গেছে। তাদের এখন দৈন্য দশা। তিনি মামলাটি নিষ্পত্তি করার জন্য জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৪<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৫<br>ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করায় নির্বাচনী কাজে ব্যস্ত থাকায় আজকের সভায় উপস্থিত হতে পারেননি। | -- | -- |
| আলোচনাঃ ৪৬<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা)<br>উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, বিদায় বেলায় কিছু বলার নেই। সবাই মিলেমিশে কাজ করতে পারায় তাঁর ভাল লাগছে। তাঁর কর্মকালে যদি কখনও কষ্ট দিয়ে থাকেন তবে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ করে সবার জন্য শুভকামনা জানিয়ে বক্তব্য শেষ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সকলের পক্ষ থেকে শুভকামনা জানান এবং তাঁর সুস্বাস্থ্য কামনা করেন। | ১. শুভকামনা জানানো হয়। | -- |
| আলোচনাঃ ৪৭<br>বিবিধ | ক. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, এ উপজেলায় মোট হাটের সংখ্যা ১১ (এগারো)টি। এ বছর ১১টি হাটের মধ্যে ০৯ (নয়)টি হাটের ইজারা সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০২ (দুই) টি রতনপুর ও পাঠনচড়া হাট ইজারা না হওয়ায় খাস কালেকশন করা হচ্ছে। আজকের এ সভায় ইজারাপ্রাপ্ত ০৯ (নয়)টি হাট অনুমোদন প্রদানের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন। সেই সাথে অবশিষ্ট রতনপুর ও পাঠনচড়া ০২ (দুই) টি হাট ইজারা না হওয়ায় খাস কালেকশন করার প্রস্তাব অনুমোদনের জন্যও প্রস্তাব উত্থাপন করেন। | ১. ইজারাপ্রাপ্ত ০৯ (নয়)টি হাট এবং অবশিষ্ট ০২ (দুই) টি রতনপুর ও পাঠনচড়া হাট ইজারা না হওয়ায় খাস কালেকশনের প্রস্তাব সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার বিরামপুর, দিনাজপুর। |

৪৮.　উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**মার্চ/২০২৪ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের মার্চ/২০২৪ মাসের সম্মানী ভাতা, বাসা ভাড়া এবং মার্চ২০২৪ মাসের ভ্রমণ ভাতা প্রদান। | =৫৩,১২৫/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের মার্চ/২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান। (৩৩,৫০০+৩৩,৫০০=৬৭,০০০/-) | =৬৭,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর মার্চ/২০২৪ মাসের ২৯দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান (১৫,৯৫০+১৫,৯৫০=৩১,৯০০/-), ইদ-উল-ফিতরের ৫০% উৎসব ভাতা (৮,২৫০+৮,২৫০=১৬,৫০০) এবং ১ মাসের সমপরিমান পারিতোষিক ভাতা (১৬,৫০০+১৬,৫০০=৩৩,০০০) সর্বমোট=৮১,৪০০/- টাকা। | =৮১,৪০০/- |
| ০৪ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে মার্চ২০২৪ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৫ | সঃহিঃ নং-০২০০০১১৭৭৬৬৩১, অগ্রণী ব্যাংখ লিঃ, বিরামপুর শাখায় জোড়াবাড়ি বিআরডিবি’র জানুয়ারি-মার্চ/২০২৪ মাস পর্যন্ত ৩ মাসের বাসাভাড়া জমাকরন। | =১২,০০০/- |
| ০৬ | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, বিরামপুর শাখার চলতি হিসাব নং-১৮০৪০০১০০৯০৪৬-এর অনুকূলে (৭+৬৩=৭০) গ্রাম পুলিশদের জানুয়ারি-এপ্রিল/২০২৪ পর্যন্ত ৪ মাসের বেতন এবং ইদ-উল-ফিতরের উৎসব ভাতা স্থানান্তরকরণ। | =১১,৪৬,২৫০/- |
| ০৭ | মার্চ/২০২৪ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =৩৭,১১৯/- |
| ০৮ | প্রোপাইটার/ম্যানেজার, মেসার্স শর্মিলী ফিলিং স্টেশনকে জানুয়ারি-মার্চ/২০২৪ পর্যন্ত ৩ মাসের জ্বালানী তেলের বিল পরিশোধ বাবদ ব্যয় (ভ্যাটসহ) | =৮৩,০৩১/-<br>=৪,৩৭০/- |
| ০৯ | মার্চ/২০২৪ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ১০ | মার্চ/২০২৪ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ১১ | উপজেলা পরিষদের কম্পিউটারের যন্ত্রাংশ ক্রয়, মেরামত ও সার্ভিসিং বাবদ ব্যয় পরিশোধ (ভ্যাট ও আয়করসহ) | ৫১,৫০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর কৃতজ্ঞতা প্রকাশ করে উপজেলা পরিষদে অবস্থিত পুকুর সংস্কার কাজে সহযোগিতা করায় এবং গ্রাম পুলিশদের ইউপি অংশের বকেয়া বেতন ও উৎসব ভাতা প্রদান করায় ধন্যবাদ জ্ঞাপন করে এই মেয়াদের শেষ সাধারণ সভায় বিদায়ী বক্তব্য প্রদানের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুরকে অনুরোধ করেন।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবার উদ্দেশ্যে বলেন যে, দীর্ঘ ৫ বছর একসাথে কাজ করেছি। তিনি আরও বলেন, সবার সাথে পরামর্শ করে বিরামপুরের উন্নয়নে ভাল কিছু করা চেষ্টা করেছেন। ভাল কতটুকু করতে পেরেছেন তা বলতে পারবেন না তবে কোন ত্রুটি হয়ে থাকলে তিনি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানিয়েছেন। এর পরে যিনি আসবেন তিনি নিশ্চয় ভাল হবেন। কারণ তিনি বিরামপুরের উন্নয়নে কাজ করবেন। যেহেতু এবার তিনি আসন্ন ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন অংশগ্রহণ করছেন না সেহেতু চেয়ারম্যান হিসেবে না এলেও দলীয়ভাবে বিরামপুরের উন্নয়নে কাজ করবেন।

তিনি আরও বলেন যে, তার একার পক্ষে বিরামপুরের উন্নয়নমূলক কাজ করা সম্ভব হতো না। মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ এর সার্বিক সহযোগিতায় বিরামপুরের উন্নয়ন সম্ভব হয়েছে। সেইসাথে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণও সহযোগিতা করেছেন।

তিনি বিরামপুর উপজেলাবাসীর পক্ষ থেকে কৃতজ্ঞতা প্রকাশ করেন। আগামীতে যিনি আসবেন তাঁকেও সহযোগিতা করার জন্য তিনি সকলের প্রতি উদাত্ত আহ্বান জানান। জনপ্রতিনিগণই শুধু নন উপজেলা নির্বাহী অফিসারও অনেক উন্নয়নমূলক কাজ করতে পারেন। পুকুরটি সংস্কার করায় উপজেলা নির্বাহী অফিসারকে তিনি অভিনন্দন জানান। আবারও তিনি বিরামপুর উপজেলার উন্নয়নে মিলেমিশে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

তিনি আরও বলেন যে, আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী দু'জন ভাল মানুষ। যিনিই আসুন না কেন তিনি ভাল কাজ করবেন মর্মে তিনি আশা প্রকাশ করেন। আবারও ফিরে আসার ইঙ্গিত দিয়ে তিনি বলেন যে, পরবর্তীতে চেয়ারম্যান হিসেবে সবার সাথে হয়তো কাজ করার সুযোগ হবে না। অনেকেই অবসরে চলে যাবেন। সবাইকে শুভেচ্ছা জানিয়ে এবং সকলে মঙ্গল কামনা করে আগামী ৮ জানুয়ারী ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে নির্বাচিত চেয়ারম্যানকে নিয়ে আবারও দায়িত্বভার অর্পণ উপলক্ষে বসার ইচ্ছা ব্যক্ত করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও বিদায়ী চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.৪২২/১(৪৮) তারিখঃ ১৩.০৫.২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব ........................................................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর।
০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৯. উপজেলা............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১১. জনাব ............................................................. মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১৩/০৫/২৪

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd